

## ১৪ জানুয়ারি সিলেট যাবে ঐক্যফ্রন্ট

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় ক্ষতিগ্রস্ত জেলা পরিদর্শনের কর্মসূচি অংশ হিসেবে আগামী ১৪ জানুয়ারি সিলেটের বালাগঞ্জ যাচ্ছে জাতীয় ঐক্যফ্রন্টের একটি প্রতিনিধি দল।

শুক্রবার (১১ জানুয়ারি) বিএনপির চেয়ারপারসনের মিডিয়া উইং সদস্য শায়রুল কবির খান এ তথ্য নিশ্চিত করেন।

শায়রুল কবির খান জানান, বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে প্রতিনিধি দলে থাকবেন ঐক্যফ্রন্টের শীর্ষ নেতৃবৃন্দরা।

গত ৮ জানুয়ারি তিন দিনের কর্মসূচি ঘোষণা করে জাতীয় ঐক্যফ্রন্ট। এর মধ্যে ছিল, নির্বাচনের সময় বেশি ক্ষতিগ্রস্ত জেলা পরিদর্শন। বিশেষ করে সিলেটের বালাগঞ্জ যাওয়া হবে। যেখানে ঐক্যফ্রন্টের একজন কর্মীকে হত্যা করা হয়েছে।